# ফেব্রুয়ারির মাঝামাঝি সময়ে নির্বাচনে একমত প্রধান উপদেষ্টাঃ ফখরুল




ফখরুল

লন্ডনে প্রধান উপদেষ্টা ও তারেক রহমানের বৈঠককে রাজনীতির সত্যিকারের টার্নিং পয়েন্ট আখ্যা দিয়ে বিএনপি মির্জা ফখরুল ইসলাম আলমগীর আজ বলেছেন, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস ফেব্রুয়ারির মাঝামাঝি সময়ে নির্বাচন আয়োজনে একমত হয়েছেন।

আজ শুক্রবার বিকালে (১৩ জুন) গুলশানে উপস্থিত সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। প্রধান উপদেষ্টা বিচক্ষণতার পরিচয় দিয়েছেন উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, "তিনি অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে এই সভাটিতে তারেক রহমানকে আমন্ত্রণ জানিয়ে একটা যে সেটেলমেন্ট ছিল, একটা যে সব কিছু অনিশ্চিত অবস্থায় চলে গিয়েছিল, সেই অবস্থা থেকে কাটিয়ে তিনি এবং তারেক রহমান....এই দুই নেতা আবার সামনের দিকে আশা নিয়ে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখিয়েছেন।"

এসময় তিনি বলেন, "চতুর্দিকে একটা অনিশ্চয়তা ছিল। অনেকে অনেক কথা বলছিলেন। আজকে দুই নেতা প্রমাণ করলেন যে, বাংলাদেশের মানুষ এখনো প্রয়োজনের সময়ে ঐক্যবদ্ধ হতে পারে এবং নেতারা নেতৃত্ব দিতে পারেন।" বিএনপি মহাসচিব আরও বলেন, "সত্যিকার অর্থেই এই বৈঠকটি একটা টার্নিং পয়েন্টে পরিণত হয়েছে। আমরা লক্ষ্য করলাম বৈঠকের পরপরই একটা যৌথ বিবৃতি ঘোষণা দেওয়া হয়েছে। যে ঘোষণায় বলা হয়েছে যে, আমাদের দুই নেতার বৈঠকটি ছিল অত্যন্ত সৌহার্দপূর্ণ ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়। যে বিষয়গুলো আলোচনা হয়েছে তার মধ্যে প্রধান ছিল নির্বাচন ইস্যু। সেই নির্বাচন ইস্যুতে তারেক রহমানের যে প্রস্তাব, এপ্রিলে নির্বাচন ঘোষণা করা হয়েছে সেটা উপযুক্ত সময় নয় বিধায় তাকে এগিয়ে নিয়ে আসা।

দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের নেতৃত্বের প্রশংসা করে তিনি বলেন, "এর মাধ্যমে তারেক রহমান আবার প্রমাণ করলেন, রাষ্ট্রনায়কোচিত গুণগুলো তার মধ্যে রয়েছে। প্রথম একটি বৈঠকে যেটা গোটা জাতি অত্যন্ত উদ্বিগ্ন ছিল, সেই বৈঠকটিতে তিনি সফল হয়েছেন। আমি আমার দলের পক্ষ থেকে সব নেতাকর্মীদের পক্ষ থেকে তারেক রহমানকে ধন্যবাদ জানাই।"